

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৩৩/২০১৮

তারিখঃ ২৩/০৪/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর “সাধারণ আদেশ” নথি নং-এস-২/১৩৮/বিবিধ/এপি/সেকশন-১/০৬-০৭/৯২৯৩( ) কাস, তারিখ-১২/০৪/১৮খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

“ জনকল্যাণে রাজস্ব ”

“ উন্নয়নের অঙ্গিজেন রাজস্ব ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

“সাধারণ আদেশ”

বিষয়ঃ মৎস্য, পোল্ট্রি ও পশু খাদ্যের মোড়ক, ব্যাগ বা বস্তার গায়ে পণ্যের নাম এবং তা কি কাজে ব্যবহৃত হবে তা মুদ্রিত আছে কিনা যাচাই করণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য, পোল্ট্রি ও পশু খাদ্যের জন্য আমদানিকৃত বিভিন্ন পণ্য চালানোর শুদ্ধায়নের ক্ষেত্রে এস.আর.ও নং-১৩০-আইন/২০১৭/১৬/কাস্টমস তারিখ ১/০৬/২০১৭ এর ৪নং শর্ত মোতাবেক আমদানিকৃত পণ্যের মোড়কে “পশু খাদ্যে অথবা পোল্ট্রি খাদ্যে অথবা মৎস্য চাষে ব্যবহার করা হবে মর্মে অথবা অনুরূপ অন্য কোন নির্দেশনা থাকতে হবে” তা মুদ্রিত আছে কিনা যাচাই করা প্রয়োজন।

২। উল্লেখ্য, এস.আর.ও শর্ত পালন ও অসত্য ঘোষণা রোধে কায়িক পরীক্ষা ও নমুনা উত্তোলন সময় আমদানিকৃত মৎস্য, পোল্ট্রি ও পশু খাদ্যের চালান সমূহের মোড়কে পণ্যের নাম এবং তা কি কাজে ব্যবহৃত হবে তা সুস্পষ্টভাবে মুদ্রিত আছে কিনা নিশ্চিত হয়ে শুদ্ধায়ন সংক্রান্ত ফোল্ডার অথবা নথিতে অথবা Inspection Act-এ উল্লেখপূর্বক শুদ্ধায়ন শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. এ কে এম নুরুজ্জামান)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-এস-২/১৩৮/বিবিধ/এপি/সেকশন-১/০৬-০৭/৯২৯৩( ) কাস

তারিখ-১২/০৪/১৮খ্রিঃ